www.bdniyog.com

# বিখ্যাত ব্যক্তি
Famous Person

## সমাজ সেবক ও সংস্কারক

### হাজী মুহম্মদ মুহসীন



হাজী মুহম্মদ মুহসীন (Huji Muhammad Mohsin) ১৭৩২ সালে ভারতের পশ্চিমবঙ্গের হুগলি শহরে এক সম্ভ্রান্ত ও ঐশ্বর্যশালী পরিবারে জন্মগ্রহণ করেন। পিতৃসম্পত্তি ও পরলোকগত বোন মুন্নুজানের সম্পত্তির উত্তরাধিকারী হয়ে তিনি বিশাল সম্পত্তির অধিকারী হন। বিশাল সম্পত্তির অধিকারী হয়েও তিনি অনাড়ম্বর জীবনযাপন করতেন। গরীব মেধাবী ছাত্রদের জন্য তিনি 'মুহসীন ট্রাস্ট' গঠন করেন। দানশীলতার জন্য তিনি 'দানবীর' বা 'বাংলার হাতেম তাই' নামে পরিচিত। এই দানশীল ও পরোপকারী ব্যক্তি ১৮১২ সালে পরলোকগমন করেন।

### রাজা রামমোহন রায়




রামমোহন রায় (Raja Rammohan Roy) ১৭৭২ সালে হুগলী জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন একাধারে শিক্ষা ও ধর্মীয় সংস্কারক। তিনি সংস্কৃত, আরবি, ফারসি, ইংরেজি ভাষায় পাণ্ডিত্য লাভ করেন। ১৮২৩ সালে সংবাদপত্র বিধি (Press Ordinance) পাস করা হলে তিনি এর বিরুদ্ধে তীব্র আন্দোলন শুরু করেন। তিনি সুপ্রিম কোর্টে একটি প্রতিবাদ লিপি দাখিল করেন। এ প্রতিবাদ লিপির প্রতিলিপি ইংল্যান্ডের প্রিভি কাউন্সিলে প্রেরণ করেন। ১৮২৮ সালে তিনি 'ব্রাহ্মসভা' প্রতিষ্ঠা করেন। এ সংগঠনের সদস্যগণ ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠা করেন। হিন্দু-ইসলাম-খ্রিস্টধর্মের সার সংক্ষেপ করে একেশ্বরবাদের ওপর ভিত্তি করে রামমোহন ব্রাহ্মধর্ম প্রতিষ্ঠা করেন। সতীদাহ প্রথা নিষিদ্ধকরণে ও বিধবা বিবাহ প্রচলনের স্বপক্ষে তিনি জোর প্রচারণা চালান। সতীদাহ প্রথা প্রসঙ্গে তাঁর বিখ্যাত গ্রন্থ 'প্রবর্তক ও নিবর্তকের সম্বাদ'। তৎকালীন নামমাত্র দিল্লিশ্বর মোঘল বাদশা দ্বিতীয় আকবর তাঁর দাবি-দাওয়া ব্রিটিশ সরকারের কাছে পেশ করার জন্য ১৮৩০ সালে রামমোহন রায়কে বিলেতে পাঠান। এ উপলক্ষে সম্রাট তাঁকে 'রাজা' উপাধি দেন। রামমোহন রায় লন্ডনে গিয়ে কোম্পানির শাসনে ভারতীয়দের দুরবস্থার কথা ব্রিটিশ পার্লামেন্টকে অবহিত করেন। রাজা রামমোহন রায় ছিলেন পাশ্চাত্য শিক্ষার পক্ষপাতী। এ উদ্দেশ্যে তিনি কলকাতায় এ্যাংলো হিন্দু নামে একটি বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। ১৮৩৩ সালের ২৭ সেপ্টেম্বর ইংল্যান্ডের ব্রিস্টল শহরে তিনি ইহলোক ত্যাগ করেন।

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

## স্যার সৈয়দ আহমদ খান



স্যার সৈয়দ আহমদ (Syed Ahmed khan) ছিলেন ভারতের মুসলিম জাগরণের প্রথম অগ্রদূত। তিনি ১৮১৭ সালে জন্মগ্রহণ করেন। মুসলমানদের মধ্য রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ইত্যাদি সকল ক্ষেত্রেই প্রগতিমূলক ভাবধারা গড়ে তোলার জন্য সৈয়দ আহমেদ যে আন্দোলনের সূত্রপাত করেন, তা 'আলীগড় আন্দোলন' নামে পরিচিত। তিনি মুসলমানদের মধ্যে পাশ্চাত্য শিক্ষা ও পাশ্চাত্য ভাবধারা প্রচারের উদ্দেশ্যে ১৮৭৫ সালে আলীগড়ে 'মোহামেডান অ্যাংলো ওরিয়েন্টাল কলেজ' প্রতিষ্ঠা করেন। কলেজটি ১৯২০ সালে 'আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয়' এ উন্নীত হয়। আলীগড় ভারতের উত্তর প্রদেশের অবস্থিত একটি বিখ্যাত জেলা।

## ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর



১৮২০ সালের ২৬ সেপ্টেম্বর ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (Iswarchandra Vidyasagar) মেদিনীপুর জেলার বীরসিংহ গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায় এবং মায়ের নাম ভগবতী দেবী। তাঁর পারিবারিক নাম ঈশ্বরচন্দ্র বন্দ্যোপাধ্যায়। 'বিদ্যাসাগর' ছিল তাঁর উপাধি। ১৮৩৯ সালে সংস্কৃত কলেজ থেকে তিনি 'বিদ্যাসাগর' উপাধি লাভ করেন। তিনি ঈশ্বরচন্দ্র শর্মা নামে স্বাক্ষর করতেন। হিন্দু সমাজে বিধবাবিবাহ প্রচলনের চেষ্টা করেন। তাঁর প্রচেষ্টায় ২৬ জুলাই, ১৮৫৬ বিধবা বিবাহ আইন পাস হয়। ১৮৯১ সালের ২৯ জুলাই বিদ্যাসাগরের মৃত্যু হয়।

BCS Spotlight

## নওয়াব আবদুল লতিফ



নওয়াব আব্দুল লতিফ (Nawab Abdul Latif) ১৮২৮ সালে ফরিদপুর জেলায় জন্মগ্রহণ করেন। বাংলায় মুসলমানদের মধ্যে আধুনিক শিক্ষা প্রচলনের জন্য তিনি অগ্রণী ভূমিকা পালন করেন। ১৮৬৩ সালে কলকাতায় মুসলিম সাহিত্য সমাজ (মোহামেডান লিট্যারারি সোসাইটি) প্রতিষ্ঠা করেন। তাঁর প্রচেষ্টায় কলকাতা মাদ্রাসায় (বর্তমান নাম আলিয়া মাদ্রাসা) ইংরেজি বিভাগ খোলা হয়। মুসলমান সমাজের প্রতি তাঁর অবদানের জন্য সরকার তাঁকে 'খান বাহাদুর' ও 'নওয়াব' উপাধি প্রদান করে। ১৮৯৩ সালের ১০ জুলাই তিনি ইন্তেকাল করেন।

## সৈয়দ আমীর আলী



সৈয়দ আমীর আলী (Syed Amir Ali) মুসলমানদের বিভিন্ন অধিকার আদায়ের জন্য ১৮৭৭ সালে কলকাতায় সেন্ট্রাল ন্যাশনাল মোহামেডান অ্যাসোসিয়েশন প্রতিষ্ঠা করেন। তাঁর প্রতিষ্ঠিত সমিতি ছিল মুসলমানদের প্রথম রাজনৈতিক প্রতিষ্ঠান। তিনি ১৯০৯ সালে লন্ডনে প্রিভি কাউন্সিলের সদস্যপদ লাভ করেন। তিনি ভারতীয়দের মধ্য সর্বপ্রথম এ সম্মানের অধিকারী হন। 'The spirit of Islam তাঁর একটি বিখ্যাত গ্রন্থ।

Download More PDF @
www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner

www.bdniyog.com



## নওয়াব ফয়জুন্নেসা চৌধুরাণী



বাংলাদেশের নারী আন্দোলনের প্রথম অগ্রদূত লাকসামের নওয়াব ফয়জুন্নেসা চৌধুরাণী। নারী শিক্ষার প্রসার ও সামাজিক বিভিন্ন কর্মকাণ্ডে অবদানের স্বীকৃতিস্বরূপ দক্ষিণ পূর্ব এশিয়ার প্রথম এবং একমাত্র মুসলিম নারী হিসেবে ব্রিটেনের মহারানী ভিক্টোরিয়া কর্তৃক 'নওয়াব' উপাধি পান। সাহসিক উদ্যোগ নিয়ে এই মহিয়সী নারী বেগম রোকেয়ার জন্মের সাত বছর আগে ১৮৭৩ সালে কুমিল্লায় প্রতিষ্ঠা করেন ফয়জুন্নেছা উচ্চ ইংরেজি বিদ্যালয়। ফয়জুন্নেসা ছিলেন অত্যন্ত সাহিত্যনুরাগী। তাঁর রচিত 'রূপজালাল' কাব্যগ্রন্থ প্রকাশিত হয় ১৮৭৬ সালে।

## রোকেয়া সাখাওয়াত হোসেন



রোকেয়া সাখাওয়াত হোসেন (Roquia Sakhawat Hussain) ১৮৮০ সালে ৯ ডিসেম্বর রংপুর জেলায় পায়রাবন্দ গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর জন্মদিন অর্থাৎ ৯ ডিসেম্বর 'রোকেয়া দিবস' হিসেবে পালিত হয়। তাঁর পিতার নাম জহীরুদ্দীন মোহাম্মদ আবু আলী হায়দার সাবের। বাংলাদেশের নারী শিক্ষা প্রসারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তিনি বাংলা সাহিত্যের প্রথম নারীবাদী লেখিকা। ১৯১১ সালে তিনি কলকাতায় 'সাখাওয়াত মেমোরিয়াল গার্লস স্কুল' প্রতিষ্ঠা করেন। নারীর অধিকার প্রতিষ্ঠার জন্য প্রতিষ্ঠা করেন 'আঞ্জুমান খাওয়াতিনে ইসলাম'। তাঁর নামানুসারে ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'রোকেয়া ছাত্রীনিবাস' এর নামকরণ করা হয়। ১৯৩২ সালে তিনি মৃত্যুবরণ করেন।

BCS Spotlight

### জেনে রাখা ভালো

| | |
|---|---|
| মুসলিম নারী জাগরণের কবি | নওয়াব ফয়জুন্নেসা চৌধুরাণী |
| মুসলিম নারী জাগরণের অগ্রদূত | রোকেয়া সাখাওয়াত হোসেন |

## MCQ Solution

১. **হাজী মুহম্মদ মহসীনের বাড়ি কোথায়?** [মেডিকেল : ০৩-০৪]
ⓚ হুগলী ⓚ মুর্শিদাবাদ
ⓖ রাজশাহী ⓖ মেদিনীপুর **উত্তর: ক**

২. **সমাজসেবক হলেও সমাজ সংস্কারক নন –** [জাতীয় বিশ্ববিদ্যালয়, মানবিক : ০৪-০৫]
ⓚ রাজা রামমোহন রায় ⓚ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
ⓖ হাজী মুহম্মদ মুহসীন ⓖ বেগম রোকেয়া **উত্তর: গ**

৩. **মুসলিম শিক্ষা প্রসারে সম্পত্তি দান করেছেন কে?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগ) : ০৯-১০]
ⓚ সৈয়দ আমির আলী ⓚ নওয়াব আবদুল লতিফ
ⓖ হাজী মুহম্মদ মুহসীন ⓖ হাজী শরীয়তউল্লাহ **উত্তর: গ**

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

৪. 'এত ধন দৌলত বিলাচ্ছ কেন? তুমি কি দানবীর মহসীন হলে নাকি?' এ বাক্যে কোন মহসিন এর কথা বলা হয়েছে? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৪]
ⓚ মোহসীন উল মূলক ⓚ হাজী মুহম্মদ মহসীন
ⓖ কে এম মোহসীন ⓖ মোহসীন শাস্ত্রপাণি
উত্তর: খ

৫. ব্রাহ্ম সমাজের প্রতিষ্ঠাতা হলেন- [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭/ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে মেডিক্যাল অফিসার : ০৩ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০২-০৩]
ⓚ রাজা রামমোহন রায় ⓚ কেশবচন্দ্র সেন
ⓖ দেবেন্দ্রনাথ ঠাকুর ⓖ স্বামী বিবেকানন্দ
উত্তর: ক

৬. সতীদাহ প্রথা রহিতকরণে কোন সমাজ সংস্কারকের ভূমিকা উল্লেখযোগ্য? [শ্রম অধিদপ্তরের অধীনে শ্রম অফিসার : ৯৬]
ⓚ গোপালকৃষ্ণ গোখেল ⓚ রাজা রামমোহন রায়
ⓖ সরোজিনী নাইডু ⓖ দাদাভাই নওরোজী
উত্তর: খ

৭. রাজা রামমোহন রায় কোন আন্দোলনের নেতৃত্ব দেন? [তিতাসগ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কো. লি. ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার : ১১]
ⓚ সতীদাহ বিলোপ ⓚ নীলবিদ্রোহ ⓖ তেভাগা
ⓖ বিধবা বিবাহ ⓔ কোনোটিই নয়
উত্তর: ক

৮. রাজা রামমোহন রায় যে বিষয়ের বিরুদ্ধে আন্দোলন শুরু করেন- [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮]
ⓚ প্রেস অর্ডিন্যান্স ⓚ নীল চাষ
ⓖ নীল কমিশন ⓖ রাইফেল ব্যবহার
উত্তর: ক

৯. সতীদাহ প্রথা প্রসঙ্গে রামমোহন রায়ের রচিত পুস্তক হলো - [খাদ্য অধিদপ্তরের অধীনে খাদ্য পরিদর্শক : ০০]
ⓚ দোলন চাঁপা ⓚ পথে হলো দেখা
ⓖ পথের পাঁচালী ⓖ প্রবর্তক ও নিবর্তকের সম্বাদ
উত্তর: ঘ

১০. ভারতের মুসলিম জাগরণের প্রথম অগ্রদূত কে? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]
ⓚ একে ফজলুল হক ⓚ স্যার সৈয়দ আহমদ খান
ⓖ নবাব সলিমুল্লাহ ⓖ আবুল কালাম আজাদ
উত্তর: খ

১১. কোন সংস্থার সাথে সম্পৃক্ত থাকার জন্য স্যার সৈয়দ আহমদ অমর হয়ে আছে? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক : ০০/ টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক : ৯৫]
ⓚ মুসলিম লীগ ⓚ ওহাবী আন্দোলন
ⓖ আলীগড় বিশ্ববিদ্যালয় ⓖ ঋণ সালিশী বোর্ড
উত্তর: গ

১২. কোন আন্দোলনটি ব্রিটিশ বিরোধী ছিল না? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যলয়ে জুনিয়র অডিটর : ১৪]
ⓚ অসহযোগ ⓚ খেলাফত
ⓖ ফরায়েজী ⓖ আলীগড়
উত্তর: ঘ

১৩. কার নেতৃত্বে আলীগড় আন্দোলন শুরু হয়? [রাজশাহী বিশ্ববিদ্যালয়, ইতিহাস বিভাগ : ০৮-০৯]
ⓚ সৈয়দ আমীর আলী ⓚ নবাব আব্দুল লতিফ
ⓖ স্যার সৈয়দ আহমদ খান ⓖ ইসমাইল হোসেন সিরাজী
উত্তর: গ

১৪. আলীগড় বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা কে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭ / শ্রম অধিদপ্তরে অফিসার : ১৪]
ⓚ সৈয়দ আমির আলী ⓚ মওলানা আবুল কালাম আজাদ
ⓖ স্যার সৈয়দ আহমেদ ⓖ সৈয়দ আহমদ ব্রেলভী
উত্তর: গ

Download More PDF @ www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



১৫. কোন সালে স্যার সৈয়দ আহমদ আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয় স্থাপন করেন? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক : ১০]

ⓚ ১৮৮৪ সালে ⓚ ১৯২০ সালে
ⓖ ১৭৫৭ সালে ⓖ ১৮৮৫ সালে

উত্তর: খ

১৬. আলীগড় ভারতের কোন রাজ্যে অবস্থিত? [প্রাথমিক সহকারী শিক্ষক : ০৮]

ⓚ মধ্য প্রদেশ ⓚ উত্তর প্রদেশ
ⓖ পশ্চিমবঙ্গ ⓖ রাজস্থান

উত্তর: খ

১৭. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর জন্মগ্রহণ করেন - [পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৪ / ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩/ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার : ৯৩]

ⓚ ১৭৯৬ সালে ⓚ ১৮০২ সালে
ⓖ ১৮২০ সালে ⓖ ১৮৪৮ সালে

উত্তর: গ

১৮. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কোথায় জন্মগ্রহণ করেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা : ০৭-০৮]

ⓚ মেদিনীপুর ⓚ বর্ধমান
ⓖ চব্বিশ পরগণা ⓖ নদীয়া

উত্তর: ক

১৯. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের পারিবারিক পদবি কোনটি? [বাংলাদেশ ব্যাংকে সহকারী পরিচালক : ০৮]

ⓚ চৌধুরী ⓚ চট্টোপাধ্যায় ⓖ চক্রবর্তী
ⓖ বন্দ্যোপাধ্যায় ⓤ ঠাকুর

উত্তর: ঘ

২০. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের পারিবারিক নাম- [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপসহকারী পরিচালক : ০১]

ⓚ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ⓚ ঈশ্বরচন্দ্র বন্দ্যোপাধ্যায়
ⓖ ঈশ্বর শর্মা ⓖ ঈশ্বরচন্দ্র চট্টোপাধ্যায়

উত্তর: খ

২১. ঈশ্বরচন্দ্রকে কোন প্রতিষ্ঠান 'বিদ্যাসাগর' উপাধি প্রদান করে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (বিটা) : ১৪ / সহকারী জজ নিয়োগ পরীক্ষা : ০৮ / আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০৭]

ⓚ প্রেসিডেন্সি কলেজ ⓚ সংস্কৃত কলেজ
ⓖ বিদ্যাসাগর কলেজ ⓖ কলকাতা বিশ্ববিদ্যালয়

উত্তর: খ

২২. **Who initiated the Widow Marriage Act?** [Pubali Bank Ltd. Junior Officer (Cash): 13]

**Or,**

হিন্দু সমাজে বিধবা বিবাহের প্রবর্তক- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১২- ১৩ / গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল এন্ড পাওয়ার) : ৯৯]

ⓐ Ishwar Chandra Vidyasagar ⓑ Raja Ram Mohan Roy
ⓒ Warakanath Tagore ⓓ Young Bengal Group
ⓔ None of them

Ans. a

২৩. কোন মনীষী সর্বপ্রথম বিধবা বিবাহের পক্ষে আন্দোলন করেন? [স্থানীয় সরকার জনস্বাস্থ্য প্রকৌশল উপসহকারী : ১৫]

ⓚ দাদাভাই নওরোজী ⓚ রাজা রামমোহন রায়
ⓖ শ্রীনিভাস শাস্ত্রী ⓖ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

উত্তর: ঘ

২৪. বাঙ্গালী মুসলমানদের শিক্ষা প্রসারে 'মোহামেডান লিটারারি সোসাইটি'-এর প্রতিষ্ঠাতা কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (দর্শন বিভাগ) : ০৮-০৯ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৪-০৫]

ⓚ নওয়াব আবদুল লতিফ ⓚ হাজী মুহম্মদ মুহসীন
ⓖ সৈয়দ আমির আলী ⓖ স্যার সলিমুল্লাহ

উত্তর: ক

BCS Spotlight
Download More PDF @
www.BDNiyog.com
Scanned by CamScanner

২৫. বাংলায় মুসলমানদের মধ্যে আধুনিক শিক্ষা প্রচলনের জন্য কে অগ্রণী ভূমিকা পালন করেন? [বাতিলকৃত ২৪ তম বিসিএস/ ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ⓚ সৈয়দ আমীর আলী ⓚ নওয়াব আবদুল লতিফ
ⓖ নওয়াব স্যার সলিমুল্লাহ ⓖ স্যার সৈয়দ আহমেদ খান উত্তর: খ

২৬. ভারতের মুসলমানদের ইংরেজী শিক্ষায় শিক্ষিত করার প্রয়াস পান যিনি- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ) : ০৮-০৯]
ⓚ হাজী শরিয়ত উল্লাহ ⓚ তিতুমীর
ⓖ নবাব আব্দুল লতিফ ⓖ নবাব সলিমুল্লাহ উত্তর: গ

২৭. কার প্রচেষ্টায় কলকাতার আলিয়া মাদ্রাসায় ইংরেজি বিভাগ খোলা হয়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]
ⓚ নওয়াব আব্দুল লতিফ ⓚ সৈয়দ আমীর আলী
ⓖ স্যার সৈয়দ আহমদ ⓖ হাজী মুহাম্মদ মহসীন উত্তর: ক

২৮. 'The Spirit of Islam' বইটির লেখক কে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ⓚ তিতুমীর ⓚ হাজী শরীয়তুল্লাহ
ⓖ সৈয়দ আহমেদ ⓖ সৈয়দ আমীর আলী উত্তর: ঘ

২৯. 'মুন্সী মেহেরুল্লাহ্র জন্ম তারিখ– [উপজেলা/থানা শিক্ষা অফিসার : ৯৯]
ⓚ ২১ ডিসেম্বর, ১৮৫৬ ⓚ ২৬ জানুয়ারি, ১৮৬০
ⓖ ২৬ ডিসেম্বর, ১৮৬১ ⓖ ২৫ মার্চ, ১৮৬৫ উত্তর: গ

৩০. মুসলিম নারী জাগরণের কবি- [২৯তম বিসিএস / সহকারী থানা শিক্ষা অফিসার : ০৯]
ⓚ ফজিলাতুন্নেছা ⓚ ফয়জুন্নেছা
ⓖ সামসুন্নাহার ⓖ বেগম রোকেয়া উত্তর: খ

৩১. বেগম রোকেয়ার জন্মস্থান কোন জেলায়? [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১৫ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭ / জাতীয় সংসদ সচিবালয়ের অধীন সহকারী সচিব : ৯৬]
ⓚ রংপুর ⓚ দিনাজপুর
ⓖ বগুড়া ⓖ রাজশাহী উত্তর: ক

৩২. রোকেয়া সাখাওয়াত হোসেন এর জন্ম সাল – [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০৭ / শ্রম পরিদপ্তরের মেডিক্যাল অফিসার : ০৫]
ⓚ ১৮৭০সালে ⓚ ১৮৭৫ সালে
ⓖ ১৮৮০ সালে ⓖ ১৮৮৫ সালে উত্তর: গ

৩৩. বেগম রোকেয়ার পিতার নাম কি? [আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৬]
ⓚ মসিহুজ্জামান সাবের ⓚ জহীরুদ্দীন মোহাম্মদ আবু আলী হায়দার সাবের
ⓖ জহুরউদ্দীন সাবের ⓖ আবদুর রহমান আজু জায়সাম সাবের উত্তর: খ

৩৪. রোকেয়া দিবস কোন তারিখে পালিত হয়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৮-০৯/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]
ⓚ ৯ ডিসেম্বর ⓚ ১০ জানুয়ারি
ⓖ ১৫ ফেব্রুয়ারি ⓖ ১০ এপ্রিল উত্তর: ক

৩৫. ৯ ডিসেম্বর- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান) : ০৭-০৮]
ⓚ কন্যা শিশু দিবস ⓚ রোকেয়া দিবস
ⓖ আদিবাসী দিবস ⓖ যুব দিবস উত্তর: খ

Download More PDF @ www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner

www.bdniyog.com



৩৬. বেগম রোকেয়া লেখনী ধারণ করেছিলেন- [বাংলাদেশ টেলিভিশন-এর প্রযোজক : ০৬]
ⓚ নারীদের ধর্মীয় শিক্ষায় অনুপ্রাণিত করতে
ⓚ সমাজে ধনী- দরিদ্রের বৈষম্য দূর করতে
ⓖ শিশুদের নীতিকথা শিক্ষা দিতে
ⓖ নারীদের কুসংস্কারমুক্ত ও শিক্ষিত করতে
উত্তর: ঘ

৩৭. বেগম রোকেয়া লেখনী ধারণ করেছিলেন- [তথ্য মন্ত্রণালয়ের অধীনে তথ্য অফিসার : ০৫]
ⓚ সাম্প্রদায়িকতার বিরুদ্ধে ⓚ নারীদের ধর্মীয় শিক্ষায় অনুপ্রাণিত করতে
ⓖ সমাজে প্রচলিত কুসংস্কারের বিরুদ্ধে ⓖ শিশুদেরকে নীতিকথা শিক্ষা দিতে
উত্তর: গ

৩৮. বাংলা সাহিত্যের প্রথম নারীবাদী লেখিকা কে? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪]
ⓚ তসলিমা নাসরিন ⓚ হুমায়ুন আজাদ
ⓖ রোকেয়া সাখাওয়াত হোসেন ⓖ বেগম সুফিয়া কামাল
উত্তর: গ

# রাজনৈতিক নেতৃবৃন্দ



## আবুল কাশেম ফজলুল হক

এ কে ফজলুল হক (A.K. Fazlul Haque) ১৮৭৩ সালের ২৬ অক্টোবর বরিশাল জেলার রাজাপুর থানার সাতুরিয়া গ্রামে মামার বাড়িতে জন্মগ্রহণ করেন। তিনি কাজী মুহম্মদ ওয়াজেদ এবং সাইদুন্নেসা খাতুনের একমাত্র পুত্র ছিলেন। ভারতের লক্ষ্ণৌতে তাঁকে 'শেরেবাংলা' (বাংলার বাঘ) উপাধি দেয়া হয়। (সূত্র: বাংলা একাডেমির চরিতাভিধান, পৃ. ৫৫)। তিনি রাজনৈতিক অনেক পদে অধিষ্ঠিত ছিলেন তাঁর মধ্যে কলকাতার মেয়র (১৯৩৫), অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী (১৯৩৭-৪৩), পূর্ব পাকিস্তানের মুখ্যমন্ত্রী (১৯৫৪), পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী (১৯৫৫), পূর্ব পাকিস্তানের গভর্নর (১৯৫৬-৫৮) অন্যতম।

## হোসেন শহীদ সোহরাওয়ার্দী



হোসেন শহীদ সোহরাওয়ার্দী (Huseyn Shaheed Suhrawardy) ছিলেন বিখ্যাত বাঙ্গালি রাজনীতিবিদ ও আইনজীবী। ১৮৯২ সালে তিনি পশ্চিমবঙ্গের মেদিনীপুরে জন্মগ্রহণ করেন। তিনি রাজনৈতিক অনেক পদে অধিষ্ঠান করেছেন তাঁর মধ্যে কলকাতার ডেপুটি মেয়র (১৯২৩), অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী (১৯৪৬-৪৭), পাকিস্তানের প্রধানমন্ত্রী (১৯৫৬-৫৭) অন্যতম। ১৯৬৩ সালে লেবাননের রাজধানী বৈরুতে মৃত্যুবরণ করেন।

## আবদুল হামিদ খান ভাসানী

মজলুম জননেতা আবদুল হামিদ খান ভাসানী (Abdul Hamid Khan Bhashani) ১৮৮০ সালে সিরাজগঞ্জে জন্মগ্রহণ করেন। তিনি পূর্বপাকিস্তান আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠাতা সভাপতি নির্বাচিত হন। তিনি যুক্তফ্রন্ট গঠনের অন্যতম প্রধান নেতা ছিলেন।

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

১৯৫৭ সালের কাগমারী সম্মেলনে বক্তৃতা করেন। এ সম্মেলনে তিনি বলেন, পূর্ববাংলা পাকিস্তানের কেন্দ্রীয় সরকারের দ্বারা শোষিত হতে থাকলে পূর্ববঙ্গবাসী তাদের 'সালামু ওয়ালাইকুম' জানাতে বাধ্য হবে। তিনি ১৯৫৭ সালে ন্যাশনাল আওয়ামী পার্টি (ন্যাপ) গঠন করেন। তিনি রাজনৈতিক জীবনের বেশিরভাগ সময় বামপন্থী মাওধারার রাজনীতির সাথে জড়িত ছিলেন। তাঁর অনুসারীদের অনেকে তাঁকে **'লাল মওলানা'** নামেও ডাকতেন। তিনি সর্বপ্রথম 'ঘেরাও' শব্দটি ব্যবহার করেন। ১৬ মে, ১৯৭৬ ফারাক্কা বাধ নির্মাণের প্রতিবাদে ঐতিহাসিক লংমার্চের নেতৃত্ব দেন। ১৯৭৬ সালে তিনি পরলোকগমন করেন। টাঙ্গাইলের সন্তোষে তাঁকে দাফন করা হয়।



## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



১৯২০ সালের ১৭ মার্চ শেখ মুজিবুর রহমান (Sheikh Mujibur Rahman) গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। বঙ্গবন্ধুর জন্মদিন 'জাতীয় শিশু দিবস' হিসেবে পালিত হয়। তাঁর ডাক নাম খোকা। তাঁর বাবার নাম শেখ লুৎফর রহমান ও মায়ের নাম সায়েরা খাতুন। তিনি মাধ্যমিক শিক্ষা লাভ করেন গোপালগঞ্জ মিশন হাই স্কুল থেকে। এরপর তিনি কলকাতা ইসলামিয়া কলেজ থেকে বি.এ পাস করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে আইন বিভাগে ভর্তি হন। তিনি বাঙালি জাতির মুক্তির সনদ 'ঐতিহাসিক ৬ দফা' (১৯৬৬) এর ঘোষক। তিনি ছিলেন স্বাধীন বাংলাদেশ রাষ্ট্রের জনক এবং প্রথম রাষ্ট্রপতি। একাত্তরের ২৫ মার্চ শেখ মুজিবুর রহমানকে গ্রেফতার করে পশ্চিম পাকিস্তানে নিয়ে যাওয়া হয়। মুক্তিযুদ্ধের সময় বঙ্গবন্ধুকে পাকিস্তানের করাচি শহরের মিয়াওয়ালি কারাগারে বন্দী করে রাখা হয়। ১৯৭২ সালের ৮ জানুয়ারি তিনি পাকিস্তান কারাগার থেকে মুক্তি পান। ১৯৭২ সালের ১০ জানুয়ারি বঙ্গবন্ধু বাংলাদেশে প্রত্যাবর্তন করেন। এজন্য ১০ জানুয়ারি 'স্বদেশ প্রত্যাবর্তন দিবস' হিসেবে পালিত হয়। স্বদেশ প্রত্যাবর্তন কালে বঙ্গবন্ধু ব্রিটেন ও ভারত সফর করেন।

১৯৭২ সালের ১০ অক্টোবর বঙ্গবন্ধু 'জুলিও কুরি'শান্তি' পদকে ভূষিত হন। ১৯৭৩ সালের ২৩ মে বঙ্গবন্ধু পদকটি গ্রহণ করেন। ১৯৭১ সালের এপ্রিল মাসে মার্কিন সাপ্তাহিক 'Newsweek' এর সাংবাদিক লোবেন জেঙ্কিন্স তাঁর প্রতিবেদনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে রাজনীতির কবি (Poet of politics) বলে আখ্যায়িত করেন। ২০০৪ সালে বিবিসির শ্রোতা জরিপে বঙ্গবন্ধু 'হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি' নির্বাচিত হন। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মজীবনীমূলক গ্রন্থ 'অসমাপ্ত আত্মজীবনী' (The Unfinished Memoirs)। ফকরুল আলম গ্রন্থটি ইংরেজিতে অনুবাদ করেন। মুক্তিযুদ্ধের ওপর লিখিত বঙ্গবন্ধুর অমর গ্রন্থ 'আমার কিছু কথা'। সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ ২১ জুন, ২০০৯ বঙ্গবন্ধুকে স্বাধীনতার ঘোষক বলে রায় দেয়।

Download More PDF @
www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



**ইনডেমনিটি অধ্যাদেশ :** ১৯৭৫ সালের ২৬ সেপ্টেম্বর স্বঘোষিত রাষ্ট্রপতি খন্দকার মোশতাক আহমেদ ইনডেমনিটি (দায়মুক্তি) অধ্যাদেশ জারি করে বঙ্গবন্ধুর খুনীদের বিচারের পথ রুদ্ধ করেন। পরবর্তীতে ১৯৯৬ সালের ১২ নভেম্বর জাতীয় সংসদে ইনডেমনিটি অধ্যাদেশ (রহিতকরণ) বিল-১৯৯৬ পাস হয়। ১৪ নভেম্বর ১৯৯৬ রাষ্ট্রপতির স্বাক্ষরের পর তা আইনে পরিণত হয় এবং বঙ্গবন্ধু হত্যা মামলার বিচার প্রক্রিয়া শুরুর আইনি বাধা অপসারিত হয়।

**বঙ্গবন্ধু হত্যা মামলা :** ১৯৯৬ সালে ২ অক্টোবর ধানমণ্ডি থানায় বঙ্গবন্ধু হত্যা মামলার এজাহার দায়ের করেন আ ফ ম মহিতুল ইসলাম। ১৯৯৮ সালের ৮ নভেম্বর ঢাকা জেলা দায়রা জজ কাজী গোলাম রসুল ১৯ জন আসামীর ১৫ জনকে মৃত্যুদণ্ড দেন। অতঃপর এ মামলার আপিল শুনানি হয় হাইকোর্টে যাতে মামলার দ্বিধাবিভক্ত রায় দেওয়া হয়। এ দ্বিধাবিভক্ত রায় তৃতীয় বিচারপতি মোঃ ফজলুল করিমের বেঞ্চে গেলে তিনি ৩০ এপ্রিল ২০০১ তার রায়ে ১২ জন আসামীর মৃত্যুদণ্ড বহাল রেখে ৩ জনকে খালাস দেন। ৪ অক্টোবর ২০০৯ মামলার চূড়ান্ত নিষ্পত্তির শুনানির জন্য আপিল বিভাগের পাঁচজন বিচারপতিকে নিয়ে একটি বেঞ্চ গঠন করা হয়। এ বেঞ্চ ১৯ নভেম্বর ২০০৯ বঙ্গবন্ধু হত্যা মামলার চূড়ান্ত রায় ঘোষণা করেন। রায়ে ১২ জন আসামীর মৃত্যুদণ্ড বহাল রাখা হয়।

## শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান

রাষ্ট্রপতি জিয়াউর রহমান (Ziaur Rahman) ১৯৩৬ সালের ১৯ জানুয়ারি বগুড়া জেলার বাগবাড়ি গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৭১ সালের ২৭ মার্চ চট্টগ্রাম কালুরঘাট বেতার কেন্দ্র হতে বঙ্গবন্ধুর পক্ষে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করেন। তিনি মুক্তিযুদ্ধের সময় ব্রিগেড ফোর্স-জেড এর প্রধান ছিলেন। মুক্তিযুদ্ধের সময় তিনি ২ নং সেক্টর কমান্ডার ছিলেন। মুক্তিযুদ্ধে বীরত্বের জন্য 'বীর উত্তম' পদকে ভূষিত হন। তিনি ১৯৭৮ সালে বাংলাদেশ জাতীয়তাবাদী দল' (বি.এন.পি) গঠন করেন। তিনি বাংলাদেশী জাতীয়তাবাদ ধারণার প্রবর্তক এবং সার্কের স্বপ্নদ্রষ্টা। তিনি ছিলেন প্রত্যক্ষ ভোটে নির্বাচিত বাংলাদেশের প্রথম প্রেসিডেন্ট। স্বনির্ভর বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে তিনি বাংলাদেশে খাল কেটে পানি এনে ফসল উৎপাদন আন্দোলন শুরু করেন। আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে তিনি অত্যন্ত সক্রিয় ভূমিকা পালন করেন। প্রথম বাংলাদেশী সরকার প্রধান হিসেবে তিনি চীনে রাষ্ট্রীয় সফরে যান।



তিনি ইরাক-ইরান যুদ্ধ বন্ধের জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালান। ১৯৮১ সালের ৩০ মে চট্টগ্রাম সার্কিট হাউসে সেনাবাহিনীর কতিপয় উচ্ছৃঙ্খল সদস্যের হাতে নিহত হন। ঢাকার শেরে-বাংলা নগরে তাঁকে সমাহিত করা হয়।



**আবু তাহের** (নভেম্বর ১৪, ১৯৩৮ - জুলাই ২১, ১৯৭৬)

কর্নেল আবু তাহের (Abu Taher) একজন বাংলাদেশী মুক্তিযোদ্ধা এবং জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ) নেতা ছিলেন। তিনি মুক্তিযুদ্ধ চলাকালে ১১ নং সেক্টরের সেক্টর কমান্ডার ছিলেন। প্রেসিডেন্ট জিয়াউর রহমানের শাসনামলে এক হত্যা মামলায় সামরিক আদালতে তার মৃত্যুদণ্ড হয় এবং ১৯৭৬ সালের ২১ জুলাই ঢাকা কেন্দ্রীয় কারাগারে তাহেরকে ফাঁসি দেয়া হয়।

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

## MCQ Solution

১. শেরে বাংলার পিতার নাম কি? [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট : ০৫]
ক) মোহাম্মদ ওয়াজেদ খ) মোহাম্মদ ইকরাম আলী
গ) মোহাম্মদ আবুল কাসেম ঘ) মোহাম্মদ আশরাফ আলী উত্তর : ক

২. শেরে বাংলা এ. কে. ফজলুল হক কোন জেলার অধিবাসী ছিলেন? [বিটিভির অডিয়েন্স রিসার্চ অফিসার : ০৬]
ক) ঢাকা খ) কুমিল্লা
গ) বরিশাল ঘ) সিরাজগঞ্জ উত্তর : গ

৩. এ. কে. ফজলুল হককে 'শেরেবাংলা' উপাধি দেয়া হয়– [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১১ - ১২]
ক) ঢাকায় খ) রাওয়ালপিন্ডিতে
গ) কলকাতায় ঘ) লাহোর উত্তর :

৪. বাংলাদেশের কোন নেতা কলকাতা করপোরেশনের মেয়র ছিলেন? [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (গোলাপ) : ১১/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (রাজশাহী বিভাগ) : ০৮]
ক) হোসেন শহীদ সোহরাওয়ার্দী খ) শের-এ-বাংলা এ কে ফজলুল হক
গ) মাওলানা আবদুল হামিদ খান ভাসানী ঘ) শেখ মুজিবুর রহমান উত্তর : খ

৫. ১৯৭৬ সালে ফারাক্কা লং মার্চ কার নেতৃত্বে পরিচালিত হয়? [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৪-০৫/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ৯৭-৯৮]
ক) অধ্যাপক গোলাম আযম খ) মওলানা আবদুল হামিদ খান ভাসানী
গ) মওলানা তর্কবাগীস ঘ) অধ্যাপক মুজাফ্ফর আহমেদ উত্তর: খ

৬. 'ঘেরাও' শব্দটি কোন রাজনীতিবিদ প্রথম ব্যবহার করেন? [সোনালী, জনতা, অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ৯৯]
ক) এ কে ফজলুল হক খ) মওলানা ভাসানী
গ) মোহাম্মদ তোয়াহা ঘ) হোসেন শহীদ সোহরাওয়ার্দী উত্তর: খ

৭. **What is the birth day of Bangabandhu Sheikh Mujibur Rahman?** [Sonali Bank Ltd. Officer (Cash): 13] **Or,**
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত তারিখে জন্মগ্রহণ করেন? [৩৪তম বিসিএস / পরিবার কল্যাণ পরিদর্শিকা : ১৫/ কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর : ১৪/ পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্মচারী : ১৩]
ⓐ 1 March, 1919 ⓑ 17 March, 1920
ⓒ 14 August, 1947 ⓓ 21 June, 1941 **Ans. b**

৮. ১৭ মার্চ ১৯২০ কি কারণে স্মরণীয়? [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার : ১৩/ জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১২]
ক) হোসেন শহীদ সোহরাওয়ার্দির জন্মদিন
খ) শেরে বাংলা এ কে ফজলুল হকের জন্মদিন
গ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস
ঘ) মওলানা আব্দুল হামিদ খান ভাসানীর মৃত্যুদিন উত্তর: গ

৯. নিম্নের কোন দিবসটি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিনের সাথে সম্পর্কযুক্ত? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীনে অডিটর : ১৪]
ক) বিশ্ব নারী দিবস খ) জাতীয় শিশু দিবস
গ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘ) বিশ্ব পরিবেশ দিবস উত্তর: খ

Download More PDF @ www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



১০. জাতীয় শিশু দিবস কবে পালিত হয়? [সোনালী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৪ / জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (দর্শন বিভাগ) : ০৯-১০]
ⓚ ১৭ ই জুন ⓛ ১৭ ই ফেব্রুয়ারি
ⓜ ১৭ ই মার্চ ⓝ ১৭ ই এপ্রিল উত্তর: গ

১১. Whose birth aniversary is celebrated as the National Children's Day in Bangladesh? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ব ইউনিট) : ১৩-১৪]
ⓐ Sheikh Russel ⓑ Moulana Bhasani
ⓒ Bangbandhu ⓓ Sher-e-Bangla Ans. c

১২. বঙ্গবন্ধু কোন জেলায় জন্মগ্রহণ করেন? [পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্মচারী : ১৩]
ⓚ খুলনা ⓛ গোপালগঞ্জ
ⓜ ফরিদপুর ⓝ নড়াইল উত্তর: খ

১৩. ২০১৪ সালে বঙ্গবন্ধুর কততম জন্মবার্ষিকী পালিত হয়? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীনে অডিটর : ১৪]
ⓚ ৯২ তম ⓛ ৯৪ তম
ⓜ ৯০ তম ⓝ ৮৮ তম উত্তর: খ

১৪. শেখ মুজিবুর রহমানকে বন্দি করে করাচিতে নিয়ে যাওয়া হয় ৭১ এর – [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তিস্তা) : ১০]
ⓚ ২৫ মার্চ রাতে ⓛ ২৬ মার্চ রাতে
ⓜ ২৭ মার্চ রাতে ⓝ ২৮ মার্চ রাতে উত্তর: ক

১৫. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন তারিখে স্বদেশে প্রত্যাবর্তন করেন? [১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৫ / সহকারী থানা শিক্ষা অফিসার : ১৫ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০০]
ⓚ ১ জানুয়ারি, ১৯৭২ ⓛ ১০ জানুয়ারি, ১৯৭২
ⓜ ২৩ মার্চ, ১৯৭২ ⓝ ১৭ এপ্রিল, ১৯৭২ উত্তর: খ

১৬. বঙ্গবন্ধু স্বদেশে প্রত্যাবর্তন দিবস কোনটি? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরে অফিস সহকারী : ১৪/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউনিট ই): ১৩-১৪ / বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের উপ-প্রকল্প কর্মকর্তা : ১৩]
ⓚ ১০ ডিসেম্বর ⓛ ১০ জানুয়ারি
ⓜ ১০ মার্চ ⓝ ১০ জুন উত্তর: খ

১৭. শান্তিতে অবদানের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পেয়েছিলেন- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ) : ০৯-১০]
ⓚ ফ্রিডম পদক ⓛ ম্যাগসেসে পদক
ⓜ জুলিও কুরী পদক ⓝ জওহরলাল নেহেরু পদক উত্তর: গ

১৮. জাতির জনক বঙ্গবন্ধ শেখ মুজিবুর রহমান কখন জুলিও কুরি পুরস্কার লাভ করেন? [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অফিস সহকারী : ১২]
ⓚ ১৯৭১ ⓛ ১৯৭২
ⓜ ১৯৭৩ ⓝ ১৯৭৪ উত্তর: খ

১৯. বঙ্গবন্ধু 'জুলিও কুরি' পুরস্কার লাভ করেন ১৯৭২ সালের- [সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক : ০০]
ⓚ ১৫ জানুয়ারি ⓛ ৭ মার্চ
ⓜ ১০ অক্টোবর ⓝ ১৮ অক্টোবর উত্তর: গ

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

২০. কোন বিখ্যাত ম্যাগাজিন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে রাজনীতির কবি (poet of politics) আখ্যা দিয়েছিল? [৩৫তম বিসিএস]
ⓚ টাইম ⓖ ইকোনোমিষ্ট
ⓚ নিউজ উইকস্ ⓖ ইকোনোমিক এন্ড পলিটিক্যাল উইকলি **উত্তর: খ**

২১. ডেভিড ফ্রস্ট ছিলেন- (David frost was-) [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৫-১৬]
ⓐ একজন মুক্তিযোদ্ধা (a freedom fighter)
ⓑ একজন চিকিৎসক (a physician)
ⓒ একজন রাজনীতিবিদ (a politician)
ⓓ একজন সাংবাদিক (a journalist) **উত্তর: ঘ**

২২. **Which foreign journalist, who died recently, had taken interview of both Bangabandhu Sheikh Mujibur Rahman and Prime Minister Sheikh Hasina?** [PKSF Assistant Manager : 14]
ⓐ Saint Petersburg ⓑ Christiane Amanpour
ⓒ Cari Bernstein ⓓ David Frost **উত্তর: ঘ**

২৩. জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মজীবনীমূলক গ্রন্থের নাম কী? [১২তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৫ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (জুন) : ১৫/ ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫]
ⓚ বাংলাদেশ ও আমি ⓖ অসমাপ্ত আত্মজীবনী
ⓖ যুদ্ধ ⓖ আমার জীবনী **উত্তর: খ**

২৪. 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থের লেখক- [৩৫তম বিসিএস/ জনতা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার (টেলার) : ১৫/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ - ১৫/ বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪-১৫]
ⓚ আবুল মনসুর আহমেদ ⓖ সুনীল গঙ্গোপাধ্যায়
ⓖ শেখ মুজিবুর রহমান ⓖ তাজউদ্দিন আহমেদ **উত্তর: গ**

২৫. **Who wrote *The Unfinished Memoirs?*** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (A ইউনিট) : ১৪-১৫]
ⓐ Sheikh Mujibur Rahman ⓑ Khan Ataur Rahman
ⓒ Abraham Lincoln ⓓ Mahatma Gandhi **Ans. a**

২৬. বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' অনুবাদ করেন- [উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১৫]
ⓚ জামিলুর রেজা চৌধুরী ⓖ ফকরুল আলম
ⓖ খোন্দকার আশরাফ হোসেন ⓖ ড. আনিসুজ্জামান **উত্তর: খ**

২৭. মুক্তিযুদ্ধের উপর লিখিত গ্রন্থ 'আমার কিছু কথা' এর লেখক কে? [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী প্রধান পরিদর্শক : ০৯]
ⓚ নীলিমা ইব্রাহিম ⓖ জহির রায়হান
ⓖ আবদুল গাফ্ফার চৌধুরী ⓖ শেখ মুজিবুর রহমান **উত্তর: ঘ**

২৮. ইনডেমনিটি অধ্যাদেশ জারি করা হয় কবে? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭]
ⓚ ১২ই নভেম্বর ১৯৯৬ ⓖ ২৫ জানুয়ারি ১৯৭৪
ⓖ ২৬শে সেপ্টেম্বর ১৯৭৫ ⓖ ১৫ই সেপ্টেম্বর ১৯৯১ **উত্তর: গ**

২৯. ইনডেমনিটি অধ্যাদেশ কখন বাতিল করা হয়? [বাংলাদেশ কমার্স ব্যাংক লি. অফিসার (গ্রেড -৩) : ০০]
ⓚ জুলাই, ১৯৯৬ ⓖ আগস্ট, ১৯৯৬
ⓖ অক্টোবর, ১৯৯৬ ⓖ নভেম্বর, ১৯৯৬ **উত্তর: ঘ**

Download More PDF @ www.BDNiyog.com
Collected by: Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



৩০. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যা মামলার বিচারকার্য কবে শুরু হয়?
ক ১২ মার্চ '৯৭ খ ১৩ মার্চ '৯৭ [পরিকল্পনা মন্ত্রণালয় ডাটা প্রসেসিং অপারেটর : ০২]
গ ১৪ মার্চ '৯৭ ঘ ১৫ মার্চ '৯৭ উত্তর: ক

৩১. প্রত্যক্ষ ভোটে নির্বাচিত বাংলাদেশের প্রথম প্রেসিডেন্ট? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ক শেখ মুজিবুর রহমান খ সৈয়দ নজরুল ইসলাম
গ খন্দকার মোশতাক আহমদ ঘ জিয়াউর রহমান উত্তর: ঘ

৩২. প্রথম সার্ক পুরস্কার লাভ করে কে? [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহকারী সচিব : ০৬]
ক ইন্দিরা গান্ধী খ শ্রীমাভো বন্দরনায়েকে
গ জিগমে সিঙ্গে ওয়াংচুক ঘ শহীদ জিয়াউর রহমান উত্তর: ঘ

৩৩. Which country introduced the concept of SAARC? [BKB AO: 07]
অথবা,
সার্ক (SAARC) এর প্রস্তাবক কোন দেশ? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০২-০৩]
ক India খ Nepal
গ Sri Lanka ঘ Bangladesh উত্তর: ঘ

৩৪. বাংলাদেশের কোন রাষ্ট্রপতি ইরাক-ইরান যুদ্ধ বন্ধের জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালিয়েছিলেন? [জাতীয় সংসদে সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার : ০৫]
ক প্রেসিডেন্ট মরহুম বিচারপতি আবু সাঈদ চৌধুরী
খ প্রেসিডেন্ট মরহুম শহীদ জিয়াউর রহমান
গ প্রেসিডেন্ট মরহুম বিচারপতি আবদুস সাত্তার
ঘ প্রেসিডেন্ট মরহুম মোহাম্মদ উল্লাহ উত্তর: খ

৩৫. বাংলাদেশের কোন সরকার প্রধান প্রথম চীনে রাষ্ট্রীয় সফরে যান? [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক (গণযোগাযোগ প্রশিক্ষণ) : ০৩]
ক প্রেসিডেন্ট এইচ.এম.এরশাদ খ প্রধানমন্ত্রী শেখ মুজিবুর রহমান
গ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ঘ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া উত্তর: গ

৩৬. বাংলাদেশে খাল কেটে পানি এনে ফসল উৎপাদন আন্দোলন আরম্ভ হয় – [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]
ক এরশাদের আমলে খ ইয়াহিয়ার আমলে
গ শেখ মুজিবের আমলে ঘ জিয়াউর রহমানের আমলে উত্তর: ঘ

৩৭. কর্নেল তাহের কোন রাজনৈতিক দলের সাথে যুক্ত ছিলেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সরকার ও রাজনীতি) : ১৩-১৪]
ক ওয়াকার্স পার্টি খ জাতীয় সমাজতান্ত্রিক দল
গ বাসদ ঘ সিপিবি উত্তর: খ

৩৮. বীর মুক্তিযোদ্ধা কর্নেল তাহেরকে ফাঁসি দেয়া হয় কোথায়? [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক (কারিগরি) : ১১]
ক ঢাকা সেনানিবাসে খ চট্টগ্রাম সেনানিবাসে
গ কুমিল্লা জেলা ঘ ঢাকা জেলা উত্তর: ঘ

BCS Spotlight

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner